

Telephone conversation between Prime Minister Narendra Modi and His Excellency Joseph R. Biden, President-elect of the United States of America

November 17, 2020

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ও মার্কিন যুক্তরাষ্ট্রে রাষ্ট্রপতি পদে নির্বাচিত জোসেফ আর বিডেনের মধ্যে টেলিফোনে কথা

নবেম্বর 17, 2020

মার্কিন যুক্তরাষ্ট্রে রাষ্ট্রপতি পদে নির্বাচিত মিঃ জোসেফ আর বিডেনের সঙ্গে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী টেলিফোনে কথা বলেছেন।

রাষ্ট্রপতি নির্বাচনে বিডেন জয়লাভ করায় প্রধানমন্ত্রী তাঁকে উষ্ণ অভিনন্দন জানিয়ে বলেছেন, মার্কিন যুক্তরাষ্ট্রের গণতান্ত্রিক রীতির শক্তি ও প্রাণবন্ত দিকটি এর মাধ্যমে প্রতিফলিত হয়েছে।

প্রধানমন্ত্রী সেনেটর কমলা হ্যারিসকে উপরাষ্ট্রপতি পদে নির্বাচিত হওয়ায় আন্তরিক অভিনন্দন জানিয়েছেন।

শ্রী মোদী এই প্রসঙ্গে ২০১৪ এবং ২০১৬ সালে তাঁর মার্কিন যুক্তরাষ্ট্রে সরকারি সফরের সময় মিঃ বিডেনের সঙ্গে আলাপচারিতার বিষয়টি স্মরণ করেছেন। প্রধানমন্ত্রীর ২০১৬ সালে মার্কিন সফরের সময় মার্কিন কংগ্রেসের যৌথ অধিবেশনে মিঃ বিডেন পৌরহিত্য করেছিলেন।

উভয় নেতা সম মূল্যবোধ ও অভিন্ন পারস্পরিক স্বার্থের ওপর ভিত্তি করে ভারত-মার্কিন সর্বাঙ্গীণ আন্তর্জাতিক কৌশলগত অংশীদারিত্বকে এগিয়ে নিয়ে যাওয়ার প্রব্লে সহমত পোষণ করেছেন। কোভিড-১৯ মহামারী, স্বল্প মূল্যের টিকা, জলবায়ু পরিবর্তন রোধে বিভিন্ন পদক্ষেপ এবং ভারত প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে সহযোগিতা সহ বিভিন্ন বিষয় নিয়ে তাঁরা আলোচনা করেছেন।

নতুন দিল্লী

নবেম্বর 17, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.